দামুড়হুদা লোকনাথপুরে অবৈধ লাটা হাম্বারের ধাক্কায় দুইজন গুরুতর আহত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুর সহশিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ে মহান বিজয় দিবস পালনের সময় সকাল ১০ দিকে স্কুলের সামনে ইটভর্তি অবৈধ লাটা হাম্বারের ধাক্কায় স্কুলের নাইটগার্ড আশরাফুল এবং নবম শ্রেণীর ছাত্র সিজান গুরুতর আহত হয়েছে।

গতকাল শনিবার ভোর ৫টার দিকে ঢাকা পঙ্গু হাসপাতালে সিজানের একটি অপারেশন সম্পূর্ণ হয়েছে এবং আশরাফুল চুয়াডাঙ্গা সদর হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে।

জানা গেছে, উপজেলার লোকনাথপুর সহশিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ের সামনে গত ১৬ই ডিসেম্বর একই স্কুলের নাইট গার্ড লোকনাথপুর গ্রামের মুংলা মির’র ছেলে আশরাফুল (৩০) এবং নবম শ্রেণীর ছাত্র একই গ্রামের মতিয়ার রহমানের ছেলে সিজান (১৬) কে ইট ভর্তি অবৈধ লাটা হাম্বা দিয়ে পেছন থেকে দ্রুত গতিতে ধাক্কা দেয় একই গ্রামের রেজাউলের ছেলে সাব্বির (১৮)।

ঘটনাস্থলে দুজন মারাত্মক আহত হয়। আহতদের স্থানীয়রা উদ্ধার করে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিয়ে সিজানকে ঢাকা পঙ্গু হাসপাতালে রেফার্ড করেন এবং আশরাফুল চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি আছে বলে জানা যায়। তার অবস্থা আশঙ্কাজনক।

সরজমিনে গিয়ে এলাকাবাসীর কাছে জানতে চাইলে তারা বলেন, মহান বিজয় দিবসে স্কুল কতৃপক্ষ ছাত্র ছাত্রীদের মাঝে খোরমা বিতরণ করছিল। তখন খুরমা বিতরণে কম হয়ে গেলে ছাত্র ছাত্রীরা হট্টগোল শুরু করে। এরই একপর্যায়ে স্কুল থেকে বেরিয়ে এসে স্কুলের বাইরে গেটে ছাত্র-ছাত্রীরা হট্টগোল শুরু করে, তখন পেছন থেকে ইট ভর্তি অবৈধ লাটা হাম্বা নিয়ে নাবালক অনভিজ্ঞ ড্রাইভার একই স্কুলের ১০ম শ্রেণীর ছাত্র সাব্বির পিছন দিক থেকে সজোরে হট্টগোলের মধ্যে গাড়ি চালিয়ে দেয়। তখন লোকনাথপুর স্কুলের নাইট গার্ড আশরাফুল এবং একই স্কুলের নবম শ্রেণীর ছাত্র সিজান গুরুতর আহত হয়।

এ বিষয়ে আহত সিজানের দাদি হালিমা বেগম বলেন, ঢাকা পঙ্গু হাসপাতালে আমার নাতি ভর্তি আছে। শনিবার ভোররাতে মাজায় একটা অপারেশন হয়েছে। মাজায় একটা রড দেওয়া হয়েছে। আগামী চার দিন পরে আরও একটা অপারেশন করতে হবে বলে ডাঃ জানান।

এ বিষয়ে লোকনাথপুর গ্রামের মৃত নেন্টু মীর’র ছেলে মহাসিন বলেন, আমার চোখের সামনে এই দুর্ঘটনা ঘটেছে। একেবারেই অন অভিজ্ঞ শিশু ড্রাইভার গাড়ি চালাচ্ছিল। আসল ড্রাইভার পাশে বসে ছিল। ব্রেকে পা না দিয়ে এক্সেলেটারে পা দেয়ার কারণে গাড়ির গতি আরো বেড়ে যায়, যার কারণে এই দুর্ঘটনা ঘটে।

আহত সিজানের বড় ভাই একই স্কুলের ১০ম শ্রেণীর ছাত্র নিশান বলেন, ঘটনাটি আমার চোখের সামনেই ঘটেছে। স্কুলে ৬০ কেজি খুরমার বাজেট, কিন্তু ২০ কেজি বিতরণ করা হয়, এসব নিয়ে ছাত্রছাত্রীদের মাঝে হট্টগোল বাধে। পরে সবাই স্কুলের গেটের বাইরে গিয়ে হট্টগোল শুরু করে। তখন পেছন থেকে ইট ভর্তি অবৈধ লাটা হাম্বা এসে ধাক্কা মারে।

এ বিষয়ে লোকনাথপুর সহ শিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য সাবেক মেম্বার সেন্টু হোসেন বলেন, শুনেছি স্কুল গেটের সামনে হট্টগোল হচ্ছিল। ওই অবস্থায় পেছন থেকে লাটা হাম্বা ধাক্কা মারলে দুজন গুরুতর আহত হয়, এর মধ্যে একজন স্কুলের নাইটগার্ড এবং আর একজন স্কুলের নবম শ্রেণীর ছাত্র।

এবিষয়ে লাটাহাম্বা চালক সাব্বিরের পিতা রেজাউল বলেন, রাস্তার উপর ছেলেপেলে হট্টগোল করছিল,আমরা মনে করেছিলাম সবাই সরে যাবে। কিন্তু কেউ রাস্তা থেকে সরেনি। যার কারনে দূর্ঘটনা ঘটে গেছে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, বিষয়টি আমার জানা নেই অভিযোগ পেলে ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদার কাদিপুর মরা গাং’র মাছ হরি লুট: সংঘর্ষের আশঙ্কা

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কদিপুর মরাগাং এর মাছ লুট করে নিয়েছে এলাকার কিছু চিহ্নিত দুর্বৃত্তরা। গতকাল শনিবার সকাল ৬টার দিকে মরাগং এ বেড়ী জাল ফেলে সব মাছ লুট করে নেয় তারা। মাছ লুটের ঘটনায় কাদিপুর গ্রামে চরম উত্তেজনা বিরাজ করছে। যেকোনো সময় ঘটতে পারে গ্রামবাসীর সঙ্গে রক্তক্ষয়ী সংঘর্ষ।

স্থানীয় সুত্রে জানা গেছে, কাদিপুর মরা গাংটি জনগণের জন্য উন্মুক্ত। ওই গাং এ ব্যক্তিগতভাবে মাছ চাষের কোন সুযোগ নেই। গাংটি কাউকে সরকারি ভাবে ইজারা দেওয়া হয়নি। গাংটি দীর্ঘদিন উন্মুক্ত ছিল। গাংটি কাউকে ইজারা না দেওয়ার কারণে দামুড়হুদা উপজেলা প্রশাসন জনগণের জন্য উন্মুক্ত রেখেছেন। কিন্তু সরকারের নিয়ম-নীতির তোয়াক্কা না করে উপজেলা প্রশাসনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে কাদিপুর গ্রামের সোলাইমান হকের ছেলে ওসমান (৪৫), ইসমাইল হোসেনের ছেলে ফারুক হোসেন (৩৮), মৃত জামাত আলীর ছেলে কামাল হোসেন (৪২), সাদেক আলীর জামাই হাফিজুল (৪৪), ভাগ্যিবান এর ছেলে মুনশাদ (৪৩), আব্দুর রহিমের ছেলে আব্দুর রাজ্জাক (৩৭), ইন্তাজ মাওলানার ছেলে আসাদুল হক (৪০) এসব মাছ লুট করছে বলে একাধিক প্রাপ্ত তথ্যে নিশ্চিত হওয়া গেছে।

গতকাল ভোর বেলা থেকে সকাল ৯টা পর্যন্ত তারা এসব মাছ লুট করে। এসময় স্থানীয়রা বাধা দিলেও তাতে তারা কোন কর্ণপাত করেনি। তাদেরকে ভয় ভীতি দেখিয়ে মরা গাং এর মাছ লুট করে নেয়।

এবিষয়ে ওসমান বলেন, আমরাই মাছ ছেড়েছিলাম আমরাই মাছ ধরে নিয়েছি। আবারও মাছ ছাড়বো।

এ বিষয়ে মুনসাদ বলেন, আমিও গাং এ পার্টনার ছিলাম। আমাদের মাছ আমরা ধরে নিয়েছি। গাংটি কার কাছ থেকে লিজ নিয়েছেন জানতে চাইলে তিনি বলেন, তারিনী পুর গ্রাম এবং বাস্তব পুর গ্রামের মানুষজনের কাছ থেকে লিজ নিয়েছি। কাদেরকে লিজের টাকা দিয়েছেন জানতে চাইলে তিনি বলেন, এবার ঝামেলার কারণে কাউকে টাকা দেয়া হয়নি।

এ বিষয়ে ইউপি সদস্য শাহ জামাল বলেন, সবাই জানে গাংটি উন্মুক্ত। শত শত গ্রামবাসীর মধ্যে থেকেই সকলের সামনে গাং’র মাছ লুট করে

নিয়ে যায়। তারা দুইদিন অর্থাৎ শুক্রবার ভোরে এবং শনিবার ভোরে মাছ লুট করে। শুক্রবার ভোরে যে মাছ ধরেছিল সেই মাছ ৩২ হাজার টাকায় বিক্রি করেছে বলে জানতে পেরেছি। গতকাল শনিবার যে মাছ ধরেছিল সেই মাছ কত টাকায় বেচাকেনা হয়েছে তা জানিনা।

উন্মুক্ত গাং’র মাছ এভাবে লুট করে নিয়ে গেলে যে কোন সময় গ্রামবাসীর সঙ্গে একটা অপ্রীতিকর ঘটনা ঘটতে পারে বলে জানান তিনি। গাংটি যখন কারো নামে সরকার লিজ দেইনি তাহলে গাং’র মাছ লুট করলে যেকোনো সময় গ্রামবাসীর সঙ্গে সংঘাতে জড়িয়ে পড়বেন তারা। তিনি আরো বলেন আজ ভোরেও আবারো মাছ লুট হতে পারে বলে শুনেছি।

এ বিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম বলেন, ঘটনাটি শুনেছি আমি, বিষয়টি দেখছি।

কোটচাঁদপুরে ‘দিগন্তবাণী’ পত্রিকার পাঠক সমাবেশে অনুষ্ঠিত

ঝিনাইদহ জেলা থেকে প্রকাশিত সাপ্তাহিক দিগন্তবাণী পত্রিকার এক যুগ পূর্তি ও ১৩তম বর্ষে পর্দাপন উপলক্ষে আজ (শনিবার) এক পাঠক সমাবেশের আয়োজন করা হয়।

কোটচাঁদপুর পৌর পাঠাগার মিলনায়তনে দিগন্তবাণী সম্পাদক আলহাজ্ব মুহাঃ শাহ জামান সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোটচাঁদপুর উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি আলহাজ্ব আব্দুল মজিদ খান, বিশেষ অতিথি ছিলেন পবিত্র আল মদিনা মোনাওয়ারার মাসজিদ আল মাইমানির ইমাম (খাদেমুল হুজ্জাজ) আলহাজ্ব মোঃ রবিউল ইসলাম,কোটচাঁদপুর পৌর সভার প্যানেল মেয়র মোঃ জাহিদ হোসেন,জাতীয় পার্টির উপজেলা সভাপতি আব্দুল মাজেদ, সাহিত্যিক ও লেখক মোঃ আশরাফ উদ্দিন, মোঃ আব্দুস সালাম, (খাদ্য নিয়ন্ত্রক অব:) উপজেলা যুবলীগ আহ্বায়ক মীর মনিরুল আলম মনি এবং অথিতি পাঠকদের মধ্যে সহ-অধ্যাপক মোঃ আলতাফ উদ্দিন(জিটি কলেজ), যুবলীগ

নেতা শেখ মঈনুদ্দিন, বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত করেন মোঃ আব্দুল হালিম। এ সময় সাংবাদিক মোঃ রায়হান উদ্দিন,মোঃ বাবলু মিয়া, দিগন্তবাণীর পাঠক মনোজ মালাকার, এইচ এম ইলিয়াস,নাবিল আব্দাল্লাহ আহমাদ, নাসিফ আব্দাল্লাহ মুহাম্মাদ, মোঃ বাববর আলী প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন সাংবাদিক মোঃ মঈন উদ্দিন খান।

পাঠক সমাবেশে দিগন্তবাণী সম্পাদক আলহাজ্ব মুহাঃ শাহ জামান ও প্রধান অতিথি আলহাজ্ব আব্দুল মজিদ খান বক্তব্য রাখছেন।

দর্শনায় যথাযথ মর্যাদায় বিজয় দিবস পালন

বিজয়ের লাল ছুঁয়ে যাক মহাকাল।মহান বিজয় দিবসের সুবর্ণ জয়ন্তী উপলক্ষে দর্শনা পৌরসভার আয়োজনে যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস পালিত হয়েছে।

শুক্রবার ১৬ ডিসেম্বর সকাল ৮ টায় দর্শনা পৌর আওয়ামীলীগ, বিএনপি-সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী-বেসরকারী সংস্থা, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন, থিয়েটার গ্রুপ ও পেশাজীবি ২৮টি সংগঠন দর্শনা কলেজ মাঠে বিজয় দিবসের নানা কর্মসুচি পালন করেছেন।

এসব কর্মসূচির মধ্যে ছিলো, সকাল সাড়ে ৮টায় দর্শনা কলেজ মাঠে নিজ নিজ সংগঠনের ব্যানার নিয়ে উপস্থিতি। সকাল ৯টায় জাতীয় সংগীতের সাথে জাতীয় পতাকা ও মুক্তিযুদ্ধের পতাকা উত্তোলন করেন বীর মুক্তিযোদ্ধা ও দর্শনা পৌর আ.লীগের সহ সভাপতি রুস্তম আলী,বীর মুক্তিযোদ্ধা কমরেড শহিদুল ইসলাম । জাতির জনক বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পন। উপস্থিত বীর মুক্তিযোদ্ধাদের ফুলেল শুভেচ্ছা প্রদান।

এরপর উপস্থিত সকল সংগঠনের সদস্যদের শফত বাক্য পাঠ করান বীর

মুক্তিযোদ্ধা জয়নাল আবেদীন। শফত বাক্য পাঠ শেষে প্রত্যেক সংগঠন এক সাথে র্যালী করে দর্শনা শহরের প্রধান প্রধান সড়ক প্রদিক্ষন শেষে দর্শনা কলেজ মাঠে স্মৃতিস্তম্ভে পর্যায়ক্রমে সংগঠনগুলা পুস্পমাল্য অর্পন করেন।

এসব সংগঠনের মধ্যে ছিলো দর্শনা পৌরসভা, দর্শনা মুক্তিযোদ্ধা সংসদ, ওয়েভ ফাউন্ডেশন, দর্শনা অনিবার্ণ থিয়েটার, দর্শনা প্রেসক্লাব, দর্শনা সরকারী কলেজ, দর্শনা রিক্সা ও ভ্যান শ্রমিক ইউনিয়ন, চুয়াডাঙ্গা আন্তঃ ট্রাংকলরী শ্রমিক ইউনিয়ন, মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়, হিন্দোল সংগীত পরিষদ, দর্শনা গণ-উন্নয়ন গ্রন্থাগার, শান্তি নগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, শ্যামপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, পরাণপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়,, দর্শনা ডি এস ফাযিল ডিগ্রী মাদ্রাসা, দর্শনা দক্ষিন চাঁদপুর মাধ্যামিক বিদ্যালয়, দর্শনা বালিকা মাধ্যমিক বিদ্যালয়, মাথাভাঙ্গা যুব সংঘ, পশ্চিম রামনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, দক্ষিন চাঁদপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, মৌচাক সামাজিক উন্নয়ন সংস্থা, উপজেলা হিন্দু,বৈাদ্ধ ও খৃষ্টান ঐক্য পরিষদ।

এ মহান বিজয় দিবসেপুস্পমাল্য অর্পন করেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা আ.লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু,বীর মুক্তিযোদ্ধা সৈয়দ মজনুর রহমান,দর্শনা সরকারী কলেজের ভারপ্রাপ্ত পিন্সপাল ড. মফিজুর রহমান,দামুড়হুদা যুবলীগের সভাপতি আঃ হান্নান ছোট,শেখ আসলাম আলী তোতা,আঃ মান্নান,ছাত্রলীগের পক্ষে পুস্পমাল্য অর্পন করেন রফিকুল ইসলাম ববি,নাহিদ পারভেজ,তোফাজ্জেল হোসেন তপু প্রভাত, বাংলাদেশ জাতীয়তাবাদি বিএনপির পক্ষে পুস্পমাল্য অর্পন করেন বীর মুক্তিযোদ্ধা জেলা বিএনপির সদস্য খাজা আবুল হাসনাত,দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট,সাংগঠনিক সম্পাদক নাহারুল ইসলাম।

অনুষ্ঠান পরিচালনা করেন, দর্শনা পৌর আওয়ামীলীগের যুগ্ন সম্পাদক গোলাম ফারক আরিফ। সন্ধায় দর্শনা অনিবার্ণ থিয়েটারের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান।

অপরদিকে দর্শনা কেরুজ চিনিকল কমান্ড পৃথক ভাবে পালন করেছে মহান বিজয় দিবস। সকালে কেরুজ ক্লাবমাঠে জাতীয় ও মুক্তিযোদ্ধা পতাকা উত্তোলন, কেরুজ শ্রমিক ইউনিয়ন সংলগ্ন শহীদ বেদীতে পুষ্পস্তম্ভক অর্পন করেন, কেরু এ্যান্ড কোম্পানীর পক্ষে প্রতিষ্ঠানের ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন, কেরুজ চিনিকল

কমান্ড মুক্তিযোদ্ধার পক্ষে শিক্ষক বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেন, কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের পক্ষে সভাপতি ফিরোজ আহম্মেদ ও সাধারন সম্পাদক মাসুদুর রহমান, সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, সহ-সম্পাদক খবির উদ্দিন, কেরুজ উচ্চ বিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সহ সহকারী শিক্ষকবৃন্দরা।

পরে কেরুজ ক্লাবমাঠে মুক্তিযুদ্ধো ও দেশ স্বাধীনতা লাভের বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা সহ সংক্ষিপ্ত আলোচনার করা হয়। এসময় উপস্থিত ছিলেন, মহা-ব্যাবস্থাপক (অর্থ) মুহম্মদ সাইফুল ইসলাম, মহা- ব্যাবস্থাপক (ডিষ্ট্রিলারী) ফিদা হাসান বাদশা, মহা-ব্যবস্থাপক (কারখানা) সুমন কুমার সাহা,উপ-ব্যবস্থাপক (অর্থ) শেখ জাবেদ হাসান, উপ-ব্যবস্থাপক (প্রশা ও প্রশি) মাসুদ রেজা, প্রমুখ। এছাড়াও দিনব্যাপী ব্যাপক কর্মসূচির মধ্যদিয়ে দিবসটি উদযাপন করা হয়েছে।

কর্মসূচির মধ্যে রাত ১২টা ১ মিনিটে চিনিকল মুক্তিযোদ্ধা কমান্ড ও শ্রমিক কর্মচারী ইউনিয়নের ৩৩বার তোপধ্বনী, বিদ্যালয় ছাত্র-ছাত্রীদের মিষ্টি বিতরণ, মসজিদ, গীর্জা ও মুন্দিরে প্রার্থনা,হাসপাতাল রোগীদের ফলমূল বিতরণ, চিনিকল কর্মকর্তা, শ্রমিক-কর্মচারী ও মুক্তিযোদ্ধাদের মধ্যে প্রীতি ভলিবল প্রতিযোগীতা সহ বিভিন্ন প্রতিযোগীতা ও পুরুস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

এছাড়া বিজয় দিবসে কেরুজ জেনারেল অফিস, ডিষ্টিলারী কারখানা, কেরুজ ক্লাব ও ইউনিয়ন অফিস আলোকসজ্জা করা হয়েছে। সবশেষে সন্ধায় কেরুজ ক্লাব মাঠে সাংস্কৃতিক সন্ধার আয়োজন করা হয়।

জীবননগরে নানা আয়োজনে মহান বিজয় দিবস উদযাপন

৩১বার তোপধ্বনির মধ্য দিয়ে জীবননগরে মহান বিজয় দিবসের আনুষ্ঠানিকতা শুরু হয়। সকালে শহীদ বেদিতে জীবননগর উপজেলা প্রশাসন,উপজেলা আওয়ামীলীগ,পৌরসভা,ছাত্রলীগসহ বিভিন্ন সংগঠনের

পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

পরে জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজি হাফিজুর রহমান,উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান প্রমুখ।

দর্শনায় ফেনসডিলসহ তিন মাদক ব্যাবসায়ী আটক

চুয়াডাঙ্গার দর্শনায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ৬০ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক কারবারিকে আটক করেছে পুলিশ।

শুক্রবার (১৬ই ডিসেম্বর) ভোর সাড়ে ৫টার সময় পৌরশহরের দক্ষিণ চাঁদপুর গ্রাম হতে তাদের ৩ জনকে আটক করা হয়।

আটককৃতরা হলো, দর্শনা থানাধীন মদনা গ্রামের মৃত নজির আহম্মেদের ছেলে আব্দুল হালিম (৩৬), দক্ষিণ চাঁদপুর গ্রামের মৃত দানেস মণ্ডলের ছেলে আক্তার হোসেন (৫৫) এবং পারকৃষ্ণপুর গ্রামের মজিবুল হকের ছেলে সেলিম হোসেন (২৩)। তাদের বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

বিষয়টি নিশ্চিত করে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এ.এইচ.এম লুৎফুল কবীর জানান, গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার এসআই সোহেল রানা এবং এএসআই মামুনুর রহমান সঙ্গীয় ফোর্সসহ শুক্রবার ভোর সাড়ে ৫টার সময় দর্শনা থানাধীন দক্ষিণ চাঁদপুর গ্রামে

মাদকবিরোধী অভিযান পরিচালনা করেন। অভিযান পরিচালনাকালে দক্ষিণ চাঁদপুর গ্রামের আক্তার হোসেনের বাড়ির পিছনের পাকা রাস্তার উপর হতে তিনজনকে আটক করা হয়।

আটককৃতদের কাছে থেকে ৬০ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার করা হয়। আজ তাদেরকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করা হয়েছে।

জীবননগর পরিবার কল্যাণের সেবা ও প্রচার সপ্তাহের এ্যাডভোকেসি সভা

জীবননগর উপজেলার পরিবার কল্যাণের সেবা ও প্রচার সপ্তাহের এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলার পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদের হল রুমে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মো. রোকুনুজ্জামানের সভাপতিত্বে এ্যাডভোকেসি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মো. হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ,জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ আয়েশা সুলতানা লাকী, উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মোঃ মোহাম্মদ দ্বীন ইসলাম, পল্লি উন্নয়ন কর্মকর্তা জামিল হোসেন,ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা আব্দুল হাকিমসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জীবননগর উপজেলার সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা লতিকা ইয়াসমিন। অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন উথলী ইউনিয়ন পরিবার পরিকল্পনা পরিদর্শক সাজেদুর রহমান।

জীবননগরে সন্ত্রাস ,জঙ্গীবাদ ও মাদক বিরোধী কার্যাক্রমের শীর্ষক আলোচনা

জীবননগর উপজেলা পর্যায়ে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী কার্যাক্রমে জনমত সৃষ্টি এবং বিজয়ের গুরুত্ব ও তাৎপর্য শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগর ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোঃ নজরুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ইশা,ইসলামী ফাউন্ডেশনের কমকতা আব্দুল হাকিমসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

জীবননগর নবাগত উপজেলা নির্বাহী অফিসার রোকুনুজ্জামানকে সংবর্ধনা

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মো.রোকুনুজ্জামানকে সংবধনা প্রদান করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবনগর উপজেলা লোকমোচার আয়োজনে উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয় সভাকক্ষে

উপজেলা ও জেলা লোকমোর্চার বাৎসরিক কর্ম পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কর্মশালা অনুষ্ঠানে এ সংবধনা প্রদান করা হয়।

জীবননগর উপজেলা লোকমোচার সভাপতি ও উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মো.রোকুনুজ্জামান ।

এসময় উপস্থিত ছিলেন জেলা লোকমোর্চার সভাপতি এড.বেলাল হোসেন,সাধারণ সম্পাদক দৈনিক প্রথম আলো পত্রিকার জেলা প্রতিনিধি শাহ আলম সনি,জীবননগর উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক ও থানা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী,উপজেলা লোকমোর্চার সহসভাপতি সাংবাদিক সালাউদ্দীন কাজল,সাইদুর রহমান,আকিমুল ইসলাম,মাই টিভির মিঠুন মাহমুদ,এ আর ডাবলু ওয়েব ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।

উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন জীবননগর উপজেলা লোকমোর্চার সমন্বয়কারী আব্দুল আলীম সজল ।

দামুড়হুদা বালাইনাশক ও সার বিক্রেতা কমিটির সভাপতি রাজ্জাক ও সম্পাদক মিনহাজ

দামুড়হুদা উপজেলা বালাই নাশক ও খুচরা সার বিক্রেতা সংগঠনের আলোচনা সভা ও কমিটি গঠন করা হয়েছে। আজ বেলা সাড়ে ১১টার দিকে দামুড়হুদা বাজার বণিক সমিতির কার্যালয়ে এই আলোচনা সভা ও কমিটি গঠন করা হয়।

দর্শনা পৌর বালাই নাশক সমিতির সভাপতি নজরুল ইসলামের সভাপতিত্বে উপজেলার ৮টি ইউনিয়ন ও একটি পৌর কমিটির সভাপতি ও সাধারন সম্পাদক দের নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভা শেষে ইউনিয়ন ও পৌর কমিটির সভাপতি ও সাধারন সম্পাদকদের সর্বসম্মতি ক্রমে আব্দুর

রাজ্জাক কে সভাপতি ও মিনহাজ উদ্দীন কে সাধারন সম্পাদক করে ১৫ সদস্য বিশিষ্ট উপজেলা কমিটি গঠন করা হয়।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সহ-সভাপতি আজিজুর রহমান,সহ-সম্পাদক আব্দুর রব,সাংগঠনিক সম্পাদক কামাল উদ্দীন (সেন্টু),অর্থ সম্পাদক সোয়াইব হোসেন,সদস্য মিজানুর রহমান,আহসান কবির (রিপন),আব্দুর রাজ্জাক,আকরাম হোসেন,ছিদ্দীকুর রহমান,আব্দুল খালেক,হাসিবুর রহমান,রবিউল হক ও দাউদ হোসেন।